



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.২৬৯০

তারিখ: ২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরধীন বরগুনা জেলার আমতলী উপজেলাধীন আমতলী সরকারি আরমান খোরশেদ মডেল হাই স্কুল, আমতলী, বরগুনা এর প্রধান শিক্ষক পদে এডহক নিয়োগ না হওয়ায় সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ বজলুর রহমান ১৫/১০/২০২৩ তারিখ হতে প্রধান শিক্ষক ভারপ্রাপ্ত-এর দায়িত্বভার গ্রহণ করায় দায়িত্বভার গ্রহণ করায় তাঁকে নিম্নোক্ত শর্তে সাময়িকভাবে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)-এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১১-০২-২০২৪
দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.২৬৯০/১ (৯)

তারিখ: ২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বিভাগ,
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
- ৫। উপজেলা/জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা,
- ৬। প্রধান শিক্ষক,
- ৭। জনাব,
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা; এবং
- ৯। সংরক্ষণ নথি।



দুর্গা রানী-
১১-০২-২০২৪

দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১